

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহীদদের প্রতি আমাদের শ্রদ্ধাঞ্জলি

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

☐ প্রদেয় আয়কর যথাসময়ে পরিশোধ করুন এবং ☐ দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে আপনার অবদান রাখুন।

### তৃতীয় কিস্তির অগ্রিম আয়কর প্রদান প্রসংগে

চলতি আর্থিক বছরের তৃতীয় কোয়ার্টারের জন্য অগ্রিম আয়কর প্রদানের সর্বশেষ তারিখ ১৫ই মার্চ, ২০০১ইং। সংশ্লিষ্ট করদাতা কর্তৃক দেয় অগ্রিম আয়কর ফরম নং আই, টি-৩১(বি) (সংশোধিত) চালান ফরমের মাধ্যমে পরিশোধ করতে হবে। এই ফরমের যে স্থানে '৭৪(১)' সংখ্যাটি উল্লেখ আছে তার স্থলে '৬৪' সংখ্যাটি প্রতিস্থাপন পূর্বক চালান ফরমটি যথারীতি পূরণ করে করদাতাগণ অগ্রিম আয়কর পরিশোধ করবেন। উল্লেখ্য, সকল শ্রেণীর করদাতার জন্য অগ্রিম আয়কর প্রদানের ক্ষেত্রে মোট আয়ের আর্থিক সীমা বর্তমানে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। সংশ্লিষ্ট সকল করদাতাকে ২০০১-২০০২ কর বছরের জন্য চলতি আর্থিক বছরের তৃতীয় কোয়ার্টারের অগ্রিম আয়কর ১৫ই মার্চ, ২০০১ ইং তারিখের মধ্যে এই পদ্ধতিতে প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, কোম্পানীর ক্ষেত্রে ১/১১৪১/০০০০/০১০১ এবং অন্যান্য ক্ষেত্রে ১/১১৪১/০০০০/০১১১ খাতে এই আয়কর জমা দিতে হবে।

অগ্রিম আয়কর প্রদান না করলে অথবা প্রদেয় অগ্রিম করের অংক থেকে কম পরিমাণ পরিশোধ করলে বাৎসরিক ১০% হারে সরল সুদ আরোপণের বিধান প্রযোজ্য হবে।

### কর অনারোপিত আয় ঘোষণা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এস.আর ও নং-২০৩ আইন/২০০০, তারিখ ঃ ৩/৭/২০০০ এর মাধ্যমে নির্দিষ্ট হারে কর প্রদান সাপেক্ষে কর অনারোপিত আয় ঘোষণা করার বিধান করা হয়েছে। এ বিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে ঃ

→ ঘোষিত আয়ের উপর ১০ শতাংশ হারে কর প্রদান সাপেক্ষে 'অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়' হিসেবে কর অনারোপিত আয় ঘোষণা করা যাবে।

→ ১লা জুলাই, ২০০০ হতে ৩০শে জুন, ২০০১ সময়কালের মধ্যে যে কোন সময় এরূপ আয় ঘোষণা করা যাবে।

→ যে কোন ব্যক্তি এরূপ আয় ঘোষণা করতে পারবেন।

→ কর অনারোপিত আয় নিম্নোক্ত ছকে ঘোষণা করতে হবে। এরূপ ঘোষিত আয় করদাতার অন্যান্য উৎসের আয়ের (যা আয়কর রিটার্নে প্রদর্শিত হবে) সাথে সম্পর্কিত হবে না।

ছক

এস. আর. ও নং ২০৩ আইন/২০০০ তারিখ ৩/৭/২০০০ ইং অনুসারে
"অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" এর ঘোষণাপত্র

(১) করদাতার নাম ও ঠিকানা ঃ ..............................................
(২) টি.আই.এন. (যদি থাকে) ঃ ..............................................
(৩) সার্কেলের নাম ঃ ........................ কর অঞ্চলের নাম ঃ .............
(৪) ঘোষিত আয়ের পরিমাণ ঃ ............ (অংকে) ................ (কথায়)
(৫) পরিশোধিত করের
(ক) পরিমাণ ঃ ..................
(খ) চালান নং/পে অর্ডার নং ঃ ............. তারিখ ঃ .............
তারিখ ঃ .................. করদাতার নাম ও স্বাক্ষর

→ এরূপ ঘোষিত আয় নির্দিষ্ট হারে কর প্রদান সাপেক্ষে আয়কর বিভাগ কর্তৃক বিনা আপত্তিতে গৃহীত হবে।

→ নির্দিষ্ট হারে কর প্রদান করা হলে সংশ্লিষ্ট উপকর কমিশনার কর্তৃক প্রদত্ত প্রাপ্তি স্বীকার পত্রটি ঘোষিত আয় গৃহীত হওয়ার প্রমাণ হিসেবে গণ্য হবে।


→ এ বিষয়ে যে কোন পরামর্শের জন্য দ্বিতীয় সচিব (আয়কর আইন ও বিধি), ফোন ঃ ৪০৬৫৯৩ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

# জাতীয় রাজস্ব বোর্ড

web site : http // www.nbr-bd.org

ডি এফ পি - ৪৬০৪ - ২০/২/২০০১

### ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি






আগামী ৮ এপ্রিল ও ১৩ মে -২০০১
জাতীয় টিকা দিবসে ৫ বছরের কম বয়সী সকল
শিশুদের দু'ফোঁটা পোলিও টিকা খাওয়ান

বিসিসি ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ডি এফ পি - ৪৬০৫ - ২০/২/২০০১

### আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহীদদের প্রতি আমাদের শ্রদ্ধাঞ্জলি



## আপনি কি জামানত প্রদানের কথা ভাবছেন ?

জামানত প্রদানের উদ্দেশ্যেই তো বাজারে জামানত সঞ্চয়পত্র ছাড়া হয়েছে


জামানত প্রদানের উদ্দেশ্যে যে কোন ইনকরপোরেটেড কোম্পানী অথবা সমিতি, রেজিস্টার্ড ফার্ম এবং ১৮ ও তদুর্ধ্ব বয়সের যে কোন ব্যক্তি এই সঞ্চয়পত্র ক্রয় করতে পারেন।

মেয়াদ ৩ বছর। তবে শর্ত সাপেক্ষে আরো ৩ বছর পর্যন্ত নবায়ন করা যাবে। মুনাফা ঃ ১ বছরে ৫%, ২ বছরে ৫.৫% এবং ৩ বছরে ৬%। নবায়িত সময়ের ক্ষেত্রে মুনাফার হার ৬% নির্ধারিত থাকবে। অর্জিত মুনাফা নবায়িত সময়ে আসলে পরিণত হবে না। বছরের অংশ বিশেষের জন্য কোন মুনাফা দেওয়া হয় না। ৩ মাসের পূর্বে এই সঞ্চয়পত্র ভাংগানো যায় না।

বিনিয়োগে আয়কর রিবেটের সুবিধা নেই এবং মুনাফার উপর আয়কর প্রযোজ্য।

কোন ক্রয়সীমা নেই। ব্যক্তি কর্তৃক ক্রয়ের ক্ষেত্রে নমিনী নিয়োগ করা যায়।

জামানত সঞ্চয়পত্র বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক, ডাকঘর এবং জাতীয় সঞ্চয় ব্যুরো থেকে কেনা ও ভাংগানো যায়।





জাতীয় সঞ্চয় পরিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ডি এফ পি - ৪৬২৬ - ২০/২/২০০১